## সম্পাদকীয় / Editorial

আকাশের নক্ষত্রগুলি যখন হয়ে থাকে কুয়াশায় স্রিয়মান, গীর্জায় গীর্জায় সুমধুর ঘন্টাধ্বনি যখন নববর্ষকে বরণ করে সোৎসাহে, শ্রীশ্রীমায়ের ভক্তমগুলীর সকলে আমরা জয়গান করি সেই পরমপুরুষের যাঁর কৃপায় শ্রীশ্রীমায়ের স্নেহছায়ায় আমাদের এই আধ্যাত্মিক পথ চলা।

ইংরেজি নববর্ষ আমাদের জন্য বহন করে আনে এক বিশেষ আত্মিক স্পন্দন, কারণ আজ আমাদের সামনে উপস্থিত সেই মহেন্দ্রক্ষণ যে দিনটিতে তিন বৎসর পূর্বে ঐশ্বরিক অনুপ্রেরণায় শ্রীমন্দির কক্ষে স্থাপিত হয়েছিল শ্রীশ্রীনাঙ্গাবাবা, মহাবতার শ্রীশ্রীবাবাজী মহারাজ, শ্রীশ্রীলাহিড়ী মহাশয় ও আমাদের চিরপ্রিয় শ্রীশ্রীসচ্চিদানন্দ পরমহংসদেবের শ্রীবিগ্রহ। এই ক্ষণটি আনন্দের ক্ষণ, নতুন আধ্যাত্মিক অনুপ্রেরণার ক্ষণ। এই দিনটিতে আমরা প্রত্যেক অন্তরে অনুভব করি আমাদের জীবনের সেই মহেন্দ্রক্ষণকে যেদিন শ্রীশ্রীমায়ের অসীম করুণায় জাগতিক সাধারণত্বের বেড়া ডিঙিয়ে আমরা যাত্রা শুরু করেছিলাম আধ্যাত্মিক লক্ষ্যে। আজ আমরা স্মরণ করি আদি সদৃগুরু শ্রীসঙ্কর্ষণকে। যুগে যুগে এই ধরাধামে তিনি অবতীর্ণ হয়েছেন নানা রূপে — ত্রেতা যুগে তিনিই লক্ষণ, দ্বাপরে তিনিই বলরাম আবার নিকট অতীতে তিনিই প্রভু নিত্যানন্দ ও রামানুজাচার্য্য। তিনিই ভগবান শ্রীকৃষ্ণের "কর্ষণ শক্তি" ("এষণা স্বভাব"); তিনিই প্রভুর অবিচ্ছেদ্য দ্বিতীয় সন্তা। যখনই এই ভূমণ্ডলে পরমপুরুষের অবতরণ হয়, তখনি তাঁর আবির্ভাব হয় প্রভুর অবিচ্ছেদ্য লীলাসহচর রূপে। আজ এই পুণ্য লগ্নে আমরা শ্রন্ধায় নত মস্তক হই সেই পরমশিবের চরণে। তাঁর কাছে প্রার্থান্দার জাধ্যাত্মিক আধ্যাত্মিক পথ চলা নিরবছিন্দ ভাবে এগিয়ে চলে সেই স্বর্গীয় জ্যোতিষ্কের অপার করুণার ছত্রছায়ায়, যিনি পরম মাতৃত্বের স্বর্গপ — তিনিই আমাদের শ্রীশ্রীশ্রা।। মাগো — আমাদের মঙ্গল করো, আমাদের করুণা করো।।

When the pole star remains shrouded in the drifting mist and the church bells chime in rhythm to ring in the New Year, the disciples and devotes of Sree Sree Maa sing in joy to invoke another year with a prayer to the Almighty for Her divine grace in our humble spiritual journey in the holy presence of Sree Sree Maa.

New year brings special joy for all of us as this is the month to celebrate the enthronement ceremony ("Abhishekam") of the holy idol of our Gurumaharajas. Exactly three years ago, Divine Grace from heaven descended upon us to fulfil our humble endeavour to install the holy deities of Shri Shri Naga Baba, Mahabatar Shri Shri Babaji Maharaj, Shri Shri Lahiri Mahashay and our beloved Sachchidananda Paramhansa on the lotus throne within the main temple.

Indeed, it is an occasion for pious celebration; it is also an occasion to renew a pious vow. This day reminds us about the voyage we had undertaken to unshackle our minds from the pettiness of this material world and our spiritual journey from the triviality into the sublime. As the sound of conch shells rent the air and the heady aroma of incense hang in the air, we bow our head in pious remembrance of the Adi Sadguru, Lord Sankarshan. Over the ages, He has graced this world in many divine and human forms, including Lakshmana in the Treta Yuga, Lord Balaram in the Dwapar Yuga, Prabhu Nityananda and Ramanujacharya in the recent past. He is the manifestation of Lord Krishna's "karshan shakti" ("eshana swabhav") and is the dual equivalent of the Lord. Whenever Parampurush blesses this world through His holy descent, Lord Sankarshan accompanies Him as his holy consort in all His "bhagwat leelas". On this auspicious occasion, let all of us bow our heads in profound reverence to His holy feet and beseech His blessings so that we continue to be guided in our humble spiritual journey by the aura of the divine light that has descended from heaven amongst us to kindly take us along the spiritual path for truth. That divine light — that embodiment of divine motherhood, the manifestation of "Adyashakti" — is our beloved Sree Sree Maa. Holy Mother ! blessed be us in thy holy presence !!

Hiranyagarbha 🏶 Volume 4 No. 4 🏶 15th January, 2012 4

